



গাজীপুর টঙ্গীর সাহারা মার্কেটে ভয়াবহ অগ্নিকাণ্ড, দক্ষ ৫ ফায়ার সার্ভিস কর্মী



সংগৃহীত ছবি

গাজীপুরের টঙ্গীর সাহারা মার্কেটে একটি রাসায়নিক গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। আগুন নিয়ন্ত্রণে আনতে গিয়ে ফায়ার সার্ভিসের চারজন কর্মী গুরুতর দক্ষ হন। আহতদের ঢাকা মেডিকলে ভর্তি করা হয়েছে। প্রাথমিকভাবে কোটি টাকার ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

আজ সোমবার (২২ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৩টার দিকে গাজীপুরের টঙ্গীর সাহারা মার্কেটে অবস্থিত একটি রাসায়নিক গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। প্রথমে ধোঁয়া উঠতে দেখা যায়, এরপরই প্রবল বিস্ফোরণের শব্দে চারপাশ আতঙ্কিত হয়ে ওঠে। গুদামে রাসায়নিক পদার্থ মজুত থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে এবং পুরো এলাকা আতঙ্কে ভরে ওঠে। খবর পেয়ে টঙ্গী, উত্তরা ও কুর্মিটোলা ফায়ার সার্ভিসের সাতটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে টানা দুই ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ সময় ফায়ার সার্ভিসের চারজন সদস্য গুরুতর দক্ষ হন। তারা হলেন— ফায়ার অফিসার জাম্মাতুল নায়েম এবং ফায়ার ফাইটার মো. শামীম, মো. নুরুল হুদা ও মো. জয় হাসান। এছাড়া গুদামের এক কর্মকর্তা আহত হয়েছেন। দক্ষদের দ্রুত উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিটে ভর্তি করা হয়েছে। চিকিৎসকদের বরাত দিয়ে জানানো হয়েছে, তাদের অবস্থা আশঙ্কাজনক।

ফায়ার সার্ভিস কর্তৃপক্ষ জানিয়েছে, রাসায়নিক পদার্থ থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে এবং নিয়ন্ত্রণে আনতে সময় লেগেছে। অগ্নিকাণ্ডে কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে প্রাথমিক ধারণা পাওয়া গেছে।

অগ্নিকাণ্ডের কারণ তৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি। তবে স্থানীয় প্রশাসন জানিয়েছে, তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং তদন্ত শেষে বিস্তারিত জানানো হবে।